

সেন্টমার্টিনে 'কোস্টাল ক্লিনআপ' কর্মসূচি

- A Monitor Desk Report

Date: 24 December, 2024



সেন্টমার্টিন : ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড (ইউবিএল) এবং কেওক্রাডং বাংলাদেশ (কেবি) অংশীদারিত্বের মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপে কোস্টাল ক্লিনআপ কর্মসূচির আয়োজন করেছে। দ্বীপের পরিচ্ছন্নতা উদ্যোগে ৩৫০ জনেরও বেশি স্বেচ্ছাসেবী অংশ নিয়ে ১ হাজার ৫০০ কেজির অধিক পরিমাণ সামুদ্রিক বর্জ্য সৈকত থেকে সংগ্রহ করেন।

সংগৃহীত সামুদ্রিক বর্জ্যের মধ্যে উল্লেখযোগ্য ছিল-খাদ্যপণ্যের মোড়ক, প্লাস্টিকের বোতল, বোতলের ক্যাপ, ব্যাগ ইত্যাদি। যুক্তরাষ্ট্র ভিত্তিক অলাভজনক সংস্থা 'ওশান কনজারভেন্স' এর বাংলাদেশের সমন্বয়ক প্রতিষ্ঠান কেবি বিগত ১৩ বছর ধরে সেন্টমার্টিন দ্বীপে সমুদ্রসৈকত পরিচ্ছন্নতার কাজ করে আসছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ইউনিলিভার বাংলাদেশের করপোরেট অ্যাফেয়ার্স, পার্টনারশিপ অ্যান্ড কমিউনিকেশন্স ডিরেক্টর শামীমা আক্তার বলেন, ২০২০ সাল থেকে ইউনিলিভার বাংলাদেশ প্লাস্টিকের টেকসই ব্যবস্থাপনায় অঙ্গীকারবদ্ধ হয়ে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। ২০২২ সাল থেকে বাংলাদেশে ইউনিলিভারের যে পরিমাণ প্লাস্টিকে মোড়কজাত পণ্য বিক্রি হয়েছে, কোম্পানির উদ্যোগে তার চেয়ে বেশি প্লাস্টিক সংগ্রহ ও প্রক্রিয়াজাত করেছে।

ওশান কনজারভেন্সের ইন্টারন্যাশনাল কোস্টাল ক্লিনআপের কান্ট্রি কো-অর্ডিনেটর মুনতাসির মামুন বলেন, ইউনিলিভারের সঙ্গে তাদের অংশীদারিত্ব অন্যদেরও বাংলাদেশে ভালো কিছু করার জন্য অনুপ্রাণিত করবে।

-B